



গণতন্ত্রবিরোধী শক্তির উত্থান ঠেকাতে ঐক্যের আহ্বান মির্জা ফখরুলের



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশে এমন একটি শক্তির উত্থান ঘটছে যারা গণতান্ত্রিক ব্যবস্থায় বিশ্বাস করে না। এসব অপশক্তিকে মাথাচাড়া দিয়ে উঠতে না দিতে সব গণতান্ত্রিক রাজনৈতিক দল ও শক্তিকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি।

শুক্রবার (৫ জুন) রাজধানীতে সাবেক সংসদ সদস্য ও চিফ হুইপ মাহবুবুল আলম তারা এবং সাংবাদিক-ক্রীড়াবিদ মাহবুবুল হক পেয়ারার স্মরণে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

বিএনপি মহাসচিবের ভাষ্য, দেশের বর্তমান রাজনৈতিক পরিবেশে মূল্যবোধের বড় সংকট তৈরি হয়েছে। তিনি অভিযোগ করেন, পরিকল্পিতভাবে রাজনীতিকে দুর্বল করার চেষ্টা চলছে এবং সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে বিভিন্ন রাজনৈতিক নেতার বিরুদ্ধে অপপ্রচার ও চরিত্রহননের ঘটনা বাড়ছে।

তিনি বলেন, সময় এখন ভিন্ন বাস্তবতার মধ্য দিয়ে যাচ্ছে। চর্কিশের গণঅভ্যুত্থানের পর দেশ গণতান্ত্রিক ধারায় ফেরার একটি প্রক্রিয়ার মধ্যে রয়েছে। তবে এর মধ্যেও কিছু মহল নানা ষড়যন্ত্রে সক্রিয় হয়ে উঠেছে, যাতে দেশে গণতন্ত্রের চর্চা বাধাগ্রস্ত হয়।

সরকারের প্রতি আহ্বান জানিয়ে মির্জা ফখরুল বলেন, গণতন্ত্রবিরোধী যেকোনো ষড়যন্ত্র রুখে দেওয়া রাষ্ট্রের দায়িত্ব। একই সঙ্গে দেশের রাজনৈতিক স্থিতিশীলতা ও গণতান্ত্রিক পরিবেশ রক্ষায় সবাইকে সচেতন থাকারও আহ্বান জানান তিনি।